# যীশু এক আশ্চর্য্য ত্রাণকর্ত্তা

## এই পাঠের বিষয়বস্তু:

"জীবনের দ্বার" শীর্ষক পাঠমালার দ্বিতীয় পাঠমালায় আপনাকে স্বাগত জানাই। আমরা বিশ্বাস করি যে, আপনার বাইবেলের মধ্যে দিয়ে ঈশ্বর আপনার সঙ্গে কথা বলছেন। আজও তিনি নিশ্চয় আপনার সঙ্গে কথা বলবেন! পবিত্র আত্মা আপনাকে সাহায্য করতে এখানে উপস্থিত আছেন।


আজকের আলোচিত বিষয়গুলি হল:

- **ঈশ্বর আপনাকে তাঁর নিজের সন্তানের মত করে পেতে চান!**
- **পাপ আপনাকে ঈশ্বরের কাছ থেকে দূরে সরিয়ে রাখে।**
- **যীশুর মাধ্যমে আপনি পরিত্রাণ পেতে পারেন!**

## নীচের নির্দেশ অনুযায়ী পাঠ করুন:

- ✓ নির্বাচিত অংশগুলি পাঠ করুন এবং গুরুত্বপূর্ণ লাইনগুলির নীচে দাগ দিন।
- ✓ শাস্ত্রের পদগুলি আপনার বাইবেল থেকে খুঁজে বের করুন।
- ✓ এবার সেগুলির তলায় দাগ দিয়ে রাখুন।

যত বেশী অধ্যয়ন করবেন এর অর্থ এবং তাৎপর্য্য তত ভালো করে বুঝতে পারবেন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।



## ১ ঈশ্বর চান যে আপনি তাঁর সন্তান হয়ে উঠুন

### ঈশ্বর সত্যিই চান যে আপনি তাঁর সন্তান হন!

*১তীম: ২:৪* ঈশ্বরঞ্জ একজন আশ্চর্য্য পিতা। তিনি চান যেন প্রতিটি নারী-পুরুষ এবং শিশু তাঁর কাছে
*প্রকা: ২০:১৫* আসে ও পরিত্রাণ পায়। তিনি জীবনপুস্তকে আপনার নাম লিখতে চান ও আপনাকে অনন্ত
*লূক ১০:২০* জীবন দিতে চান। তাহলে যদি আজ আপনার মৃত্যুও ঘটে তবুও আপনি অনন্তজীবি হয়ে
*যোহন ১১:২৫* থাকবেন। আজকের এই পাঠের মূল উদ্দেশ্য হলো, আপনি যেন আপনার অন্তরের অন্তঃস্থলে একথা উপলব্ধি করতে পারেন যে ঈশ্বর আপনাকে গ্রহণ করেছেন। কিন্তু আসুন, প্রথমে বাইবেলের কিছু সত্য ব্যাখ্যা করি, যা আপনার জীবনটাকে বদলে দেবে!

### আপনার শত্রুর কবল থেকে ঈশ্বর আপনাকে রক্ষা করতে চান

ঈশ্বরের এবং আপনার এক শত্রু আছে। সে সর্বদা ঈশ্বরের বিরুদ্ধাচারণ করে। তার নাম শয়তান। এ নামের অর্থ হল দোষারোপকারী। একজন মুক্তিপ্রাপ্ত, সুখী ও সুস্থির ঈশ্বরের

## ঈশ্বর চান যে আপনি তাঁর সন্তান হয়ে উঠুন (ক্রমশঃ)

*যোহন ১০:১০*

সন্তান হওয়ার সুযোগ থেকে শয়তান আপনাকে বঞ্চিত করতে চায়। সে আসে চুরি, বধ ও বিনাশ করতে। কিন্তু বিচলিত হবেন না। শয়তানের মোকাবিলা কিভাবে করতে হয় ঈশ্বর তা জানেন। যীশু খ্রীষ্ট ইতিপূর্বেই বিজয় করায়ত্ব করেছেন এবং তিনি আপনাকে শাশ্বত জীবন দিতে এসেছেন! এ জীবন সকলের জন্য - আপনার জন্যও। এই বিষয়টি সুস্পষ্ট করে বোঝার জন্য আমরা প্রথমে ব্যাখ্যা করব কেমন করে শয়তান মানুষকে কব্জা করেছিল।

তারপরে দেখব কিভাবে আপনি শয়তানের শক্তি থেকে সম্পূর্ণ মুক্তি পেতে পারেন! এই শুরু থেকে শেষ পর্যন্ত সম্পূর্ণরূপে পাঠ করুন, তাহলেই দেখতে পাবেন শুধু আপনারই জন্য ঈশ্বর এই সমস্যার কত সুন্দর সমাধান করে রেখেছেন!

## ২ আদিতে সব কিছুই ঠিকঠাক ছিল

*আদি ১:২৬,২৭*
*আদি ১:৩১*
*(আদিপুস্তক ১ ও ২ অধ্যায় পড়ুন)*

আদিতে কোন পাপ ছিল না। ঈশ্বর আদম ও হবা নামে একজন পুরুষ ও এক নারীকে সৃষ্টি করলেন। ঈশ্বর যত আশ্চর্য্য ও সুন্দর বিষয় সৃষ্টি করেছিলেন তার মধ্যে সর্বশ্রেষ্ঠ ছিল তারাই। আর ঈশ্বর দেখলেন এর সবই অতি উত্তম!

তিনি আদম এবং হবাকে সম্পূর্ণ স্বাধীনতা দিয়েছিলেন। তিনি তাদের এক সুন্দর পৃথিবী দিয়েছিলেন এবং তাদের সব অভাব মিটিয়েছিলেন। তাদের জীবনে ছিল সুখ, শান্তি, সুস্বাস্থ্য ও বসবাসের জন্য এক অতীব সুন্দর স্থান। আর ছিল ফুলে ফলে ভরা এক অপূর্ব সুন্দর উদ্যান, যার সব কিছুতে ছিল তাদের অবাধ অধিকার। আর সবচেয়ে ভালো যে জিনিসটি তাদের ছিল তা হলো, স্বয়ং ঈশ্বরের সাথে তাদের এক সুগভীর নিরবচ্ছিন্ন সহভাগীতা। আদম ও হবা ছিল ঈশ্বরের সন্তান এবং বন্ধুও বটে! বাইবেল আমাদের বলে যে, দিনের অবসানে ঈশ্বর তাদের সঙ্গে পদচারণাও করতেন। ভাবুন তো, এক অতি সুন্দর উদ্যানে **ঈশ্বরের** সঙ্গে আপনি পায়চারী করছেন!

## ৩ ভালো অথবা মন্দ কাজ করার স্বাধীনতা

**ঈশ্বর আপনাকে সঠিক পথে চালিত করেন**




*আদি ২:৮*
*আদি ২:১৭*

ঈশ্বর একজন আশ্চর্য্য পিতা, এবং তিনি চান তাঁর সন্তানেরা যেন মুক্তি পায়। কাজেই এই পৃথিবীতে তিনি যা কিছু সৃষ্টি করেছিলেন সে সবের উপর তিনি তাদের অবাধ অধিকার দিয়েছিলেন। প্রতিটি বৃক্ষ ও ঝর্ণার ধারায় তাদের অধিকার ছিল। সব জীব জন্তুর ওপরে মানুষের কর্তৃত্ব কায়েম ছিল যেন তারা সৃষ্টির আনন্দ উপভোগ করতে পারে। ব্যতিক্রম ছিল শুধু একটি, সদসদ্-জ্ঞানদায়ক বৃক্ষকে স্পর্শ করাও তাদের নিষিদ্ধ ছিল। এটি ছিল এক বিশেষ ধরণের বৃক্ষ। এই বৃক্ষের ফল খেলে

অনন্ত মৃত্যু অবধারিত ছিল। ঈশ্বর জানতেন যে, এই বৃক্ষের সংস্পর্শে এলে তারা ধ্বংস হয়ে যাবে এবং তিনি তাদের রক্ষা করতে চেয়েছিলেন।

এই অতি সহজ সাধারণ নিষেধাজ্ঞাটিই ছিল একমাত্র বিধি নিষেধ। আর কোন নিয়ম নিষেধাজ্ঞা মানেই বেছে নেওয়ার এক সুযোগ। হয় আপনি নিয়ম মানবেন অথবা তার অবাধ্য হবেন। আপনি বেছে নিতে পারেন এবং অবশ্যই যা বাছবেন তার ফলাফলও আপনারই প্রাপ্য। গল্পের করুণ মূহূর্তটি এবার শুরু হচ্ছে।

## ৪ শয়তান তাদের বোকা বানিয়ে পাপের পথে টেনে আনলো

শয়তান এক সাপের রূপ ধারণ করে সেখানে উপস্থিত হলো। সাথে সাথে ছক কষে দেখে
*আদি ৩:১-৬* নিল! যদি সে আদম ও হবাকে ঠকাতে পারে তাহলে তারা ঈশ্বরের প্রতি বিদ্রোহী হয়ে উঠবে! সেইমত সে তাদের কাছে ঈশ্বরের বাক্য সম্পর্কে মিথ্যা কথা বলতে শুরু করলো। শেষ পর্যন্ত সে তাদের মনে এই বিশ্বাস জন্মিয়ে দিল যে, যদি তারা ঐ নিষিদ্ধ বৃক্ষের ফল খায় তাহলে তারাও ঈশ্বরের মত হয়ে উঠবে। এইভাবে নানা মিথ্যা কথা বলে সে তাদের বোকা বানিয়ে দিল। শয়তান যে সব মন্দ বিষয় তাদের বোঝাতে থাকলো, যে সম্বন্ধে তাদের মনে এক আগ্রহের জন্ম হল!

ঈশ্বর ঠিক এই সম্ভাবনাকেই প্রতিরোধ করতে চেয়েছিলেন। ঈশ্বর তাদের জন্য যা কিছু করেছিলেন, যা কিছু বলেছিলেন সে সব কিছু তারা ভুলে গেল। তাদের সেই পরম আশ্চর্য্য পিতা ও বন্ধুর রবের বদলে তারা শয়তানের কথার বাধ্য হল। তাদের মন্দ ইচ্ছা
*যাকোব ১:১৪* তাদেরকে দূরে সরিয়ে নিয়ে গেল। ঈশ্বর কখনই চান নি যে, তাঁরা চিরকালের মত আত্মিক মৃত্যুর বন্ধনে বাঁধা পড়ে যাক, তাই তিনি জীবন বৃক্ষের ফল খাওয়া থেকে বিরত রাখতে চেয়েছিলেন। কিন্তু শেষ পর্যন্ত সেই ঘটনাই সত্যি হয়ে দাঁড়ালো, আর তার পরিণতি হল মারাত্মক।

## ৫ ঈশ্বর থেকে বিচ্ছিন্ন

তৎক্ষনাৎ আদম এবং হবাকে সেই উদ্যানের সমস্ত সুন্দর পরিবেশ ছেড়ে চলে যেতে হল। **আর সবচেয়ে খারাপ যা ঘটল তা হল, ঈশ্বরের সঙ্গে তাদের সহভাগীতা আর রইল না**। মৃত্যু এল; দৈহিক মৃত্যু নয়। কিন্তু তাদের অন্তরে স্থিত ঈশ্বরের আত্মার মৃত্যু হলো। ঠিক যেন আলো নিভে গেল। শয়তানের পরিকল্পনা সফল
*যাকোব ১:১৫* হল: “পরে কামনা সগর্ভা হইয়া পাপ প্রসব করে এবং পাপ পরিপক্ক হইয়া মৃত্যুকে জন্ম দেয়।”



## ঈশ্বর থেকে বিচ্ছিন্ন (ক্রমশঃ)

*কলসীয় ১:১৩,১৪*




ঈশ্বর চান যেন আমরা সবাই তাঁর সেই আলোময় রাজ্যে প্রবেশ করি

**দুটো পরস্পর বিরোধী রাজ্য আছে: ঈশ্বরের এবং শয়তানের।** যে দিন থেকে আদম ও হবা ঈশ্বর থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ল, সেদিন থেকে তারা ঐ অন্ধকারের জগতের মানুষ বলে গণ্য হল। বাইবেল আমাদের

*ইফিষীয় ২:১,২*

একথাই বলে: "আর যখন তোমরা আপন আপন অপরাধে ও পাপে মৃত ছিলে, তখন তিনি তোমাদ্দিকেও জীবিত করিলেন; সেই সকলেতে তোমরা পূর্বে চলিতে, এই জগতের যুগ অনুসারে আকাশের কর্ত্তৃত্বাধিপতির অনুসারে যে আত্মা এখন অবাধ্যতার সন্তানগণের মধ্যে কার্য্য করিতেছে।" আদম ও হবার অপূর্ব সুন্দর জীবন বদলে গেল। কর্ম এক সংগ্রাম হয়ে দাঁড়ালো। অন্ন পাওয়া এক কঠিন বিষয় হল। মৃত্যুর রাজত্ব

*আদি ৪:১-১২*

শুরু হল। হবার প্রথম পুত্র হিংসার বশে তাঁর ভাইকে হত্যা করল। ক্রমশঃ মানুষের চিন্তা মন্দ হতে থাকল। তারা ব্যভিচার শুরু করল; তারা অহংকারে পূর্ণ হয়ে উঠল। পাপের ব্যাপকতা বৃদ্ধি পেতে লাগল।

## ৬ আপনি এবং আমি পাপ করেছি

*রোমীয় ৩:২৩*

এরপর থেকে আদমের সকল বংশধর অর্থাৎ আমরা সকলেই পাপ করেছি। বাইবেল স্পষ্টভাবে বলছে যে: "সকলেই পাপ করিয়াছে এবং ঈশ্বরের গৌরববিহীন হইয়াছে।" আপনি আপনার অন্তঃকরণে তা নিশ্চয়ই অনুভব করেন। কারণ আপনি নিজেও একথা জানেন। কারণ 'সকলেই' শব্দটির অর্থ 'সকলেই': স্ত্রী/পুরুষ এবং প্রতিটি শিশু। যদি আমাদের এই অবস্থায় ছেড়ে দেওয়া হত, তাহলে আমরা অনন্তকালীন মৃত্যুতে বিলীন হয়ে যেতাম। যেমন আদম ও হবা হয়েছিল। কিন্তু ঈশ্বর মঙ্গলময়! শেষকথা শয়তান নয়, কিন্তু ঈশ্বর বলেন। এই অবস্থা থেকে মানুষকে উদ্ধার করার জন্য ঈশ্বরের এক পরিকল্পনা ছিল, সেই শেষ কথা হল **যীশু!**

## ৭ যীশু - এক সম্পূর্ণ সমাধান!

এখন ঈশ্বর কি করবেন? তিনি তাঁর বন্ধু ও সন্তানদের হারিয়ে ফেলেছেন। আদম ও হবা তাঁকে ছেড়ে চলে গেছে। এবং তারা সমস্ত মানব জাতিকেই অন্ধকারের শক্তির কবলে নিয়ে এসেছে। ঈশ্বর জানতেন যে তারা নিজ শক্তিতে পরিত্রাণ লাভ করতে পারবে না। তিনি এটাও জানতেন যে পাপ করার ফলে তারা শয়তানের কব্জায় চলে গেছে।

## শুধু একটি মাত্র পথ!




অনন্ত মৃত্যু থেকে মানুষকে উদ্ধার করতে শুধু একটি মাত্র পথ ছিল। কেউ একজন তাদের সব পাপ নিজের উপরে তুলে নিয়ে তাদেরকে মুক্ত করবে। মাত্র একজনই ছিলেন, যিনি তা করতে সক্ষম, ঈশ্বরের নিজ পুত্র যীশু!

*যোহন ৩:১৬* **"কারণ ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে দান করিলেন, যেন যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে বিনষ্ট না হয় কিন্তু অনন্ত জীবন পায়।"**

ঈশ্বরের গৌরব হোক! ঈশ্বর তাঁর নিজ পুত্রকে দান করে মানব ইতিহাসকে বদলে দিলেন। যীশুর মাধ্যমে ঈশ্বরের সঙ্গে সহভাগীতা রক্ষা করা মানুষের পক্ষে সম্ভবপর হলো!

## পরিত্রাণ

যীশুর মাধ্যমে ঈশ্বর যে কাজ করলেন তাকে বলা হয় পরিত্রাণ। যীশু নির্দোষ ছিলেন, কিন্তু আপনার পাপের জায়গায় তিনি এক নির্মম মৃত্যু বরণ করলেন।

*২করি: ৫:২১* যীশুর কোনও পাপ ছিল না, কিন্তু আপনার পাপ নিজের উপরে তুলে নিলেন।

*১পিতর ২:২৪* যীশুর কোন রোগ ব্যধি ছিল না, কিন্তু আপনার রোগ ব্যধি নিজের উপরে তুলে নিলেন।

আপনার চিন্তার অতীত সম্পূর্ণ মুক্ত, সবচেয়ে সুখী এবং সত্যিকারের ফলপ্রসূ এক জীবনের অধিকারী করে তুলতে যীশু তাঁর জীবন দিলেন!

আপনার বদলে যীশু মৃত্যুবরণ করেছেন। আর তিনি আপনাকে অন্ধকারের শক্তির হাত থেকে মুক্ত করার জন্যই এ কাজ করেছেন। **আপনাকে অন্ধকারের রাজত্ব থেকে সরিয়ে আলোর জগতে পৌছে দেওয়ার জন্য!** যীশু যেখানেই গিয়েছেন, ভয়গ্রস্ত, অত্যাচারিত মন্দ আত্মাকে, অশুচিতাকে ও অসুস্থতাকে দূর করেছেন। (মথি ৮:১৬) যীশু আজও একই আছেন! আপনি যদি মন্দ আত্মা দ্বারা আবদ্ধ হন, তিনি এখনই আপনাকে মুক্ত করবেন। বলুন, "যীশু আমাকে সাহায্য করুন।" আপনাকে ছেড়ে যেতে শয়তানকে আজ্ঞা করুন: "যীশুর নামে শয়তান আমি তোকে বলছি, আমাকে ছেড়ে দূর হ! যীশুর রক্তে আমার সুরক্ষা দাবী করছি!" জয়ের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিন।

যীশু যখন মৃত্যুবরণ করলেন তখন আদমের পাপ সঞ্জাত সমস্ত মন্দ থেকে তিনি আপনাকে মুক্ত করলেন:

- পাপ
- রোগ-ব্যধি
- *যিশা: ৫৩* মন্দ আত্মা
- *অধ্যায় পড়ুন* অন্যান্য বিষয় যা আপনাকে বেঁধে রাখে!

## বাইবেল অনুসন্ধান

*এখানে আপনার জন্য কিছু কিছু করণীয় বিষয় আছে। এগুলি আপনাকে ঈশ্বরের বাক্য আরো ভালোমত বুঝতে সাহায্য করবে।*

### অনুশীলনী ১: পাপ কি?

ঈশ্বরের প্রতি অবাধ্যতাই হল পাপ। দশ আজ্ঞায় (যাত্রা ২০:৩-১৭) ঈশ্বর আমাদের ন্যায় অন্যায় সম্পর্কে শিক্ষা দেন। প্রতিটি আজ্ঞা আপনার ক্ষেত্রে কিভাবে প্রযোজ্য তা লিখুন।

**যাত্রাপুস্তক ২০:৩** "আমার ব্যতিরেকে তোমার অন্য দেবতা না থাকুক।"

---

**যাত্রাপুস্তক ২০:৪** "তুমি আপনার নিমিত্তে কোন প্রকারের খোদিত প্রতিমা নির্মাণ করিও না, উপরিস্থ স্বর্গে, নীচস্থ পৃথিবীতে ও পৃথিবীর নীচস্থ জল মধ্যে যাহা যাহা আছে তাহাদের কোনও মূর্ত্তি নির্মাণ করিও না।"

---

**যাত্রাপুস্তক ২০:৭** "তোমার ঈশ্বর সদাপ্রভুর নাম অনর্থক লইও না, কেননা যে কেহ তাঁহার নাম অনর্থক লয়, সদাপ্রভু তাহাকে নির্দোষ করিবেন না।" (অর্থাৎ কারণ ব্যতিরেকে)

---

**যাত্রাপুস্তক ২০:৮-১০** "তুমি বিশ্রাম দিন স্মরণ করিয়া পবিত্র করিও। ছয় দিন শ্রম করিও, আপনার সমস্ত কার্য্য করিও কিন্তু সপ্তম দিন তোমার ঈশ্বর সদাপ্রভুর উদ্দেশ্যে বিশ্রাম দিন।"
(বি: দ্র: অধিকাংশ খ্রীষ্টানরা রবিবারকে আরাধনা ও বিশ্রামের দিন হিসাবে বাছাই করে।)

---

**যাত্রাপুস্তক ২০:১২** (ইফিষীয় ৬:২,৩) "তোমার পিতামাতাকে সমাদর করিও। তাহলে তুমি দীর্ঘ পরমায়ু পাবে।"

---

**যাত্রাপুস্তক ২০:১৩** (মথি ৫:২২) "নর হত্যা করিও না।"

---

**যাত্রাপুস্তক ২০:১৪** (মথি ৫:২৮) "ব্যভিচার করিও না।"

---

**যাত্রাপুস্তক ২০:১৫** (ইফিষীয় ৪:২৮) "চুরি করিও না।"

---

**যাত্রাপুস্তক ২০:১৬** (যাকোব ৪:১১, কলসীয় ৩:৯) "তোমার প্রতিবাসীর বিরুদ্ধে মিথ্যা সাক্ষ্য দিও না।"

---

**যাত্রাপুস্তক ২০:১৭** (লূক ১২:১৫) "তোমার প্রতিবাসীর গৃহে লোভ করিও না। প্রতিবাসীর স্ত্রীতে বা তাহার দাসে কি দাসীতে কিম্বা তাহার গোরুতে কি গর্দ্দভে, প্রতিবাসীর কোন বস্তুতেই লোভ করিও না।"

---

**অনুশীলনী ২: পাপের মূল কারণ**
উপরোক্ত ছাড়া আরো পাপ আছে, যেগুলি লেখা হয় নি। সর্বপ্রকার পাপের মূল কারণ আছে। সেই মূল কারণটি কি? দেখুন যোহন ১৬:৯।

---

অতএব পাপ থেকে মুক্তি পাবার জন্য, খ্রীষ্ট যীশুতে অবশ্যই বিশ্বাস স্থাপন করতে হবে!

**অনুশীলনী ৩: পাপী কে?**
রোমীয় ৩:২৩ পড়ুন এবং উত্তর লিখুন।

---

**অনুশীলনী ৪: পাপের পরিণতি কি?**
রোমীয় ৬:২৩ পড়ুন এবং উত্তর লিখুন।

---

## বাইবেল প্রশ্নোত্তর (ক্রমশঃ)

**অনুশীলনী ৫: ঈশ্বর আপনার পাপসকল ক্ষমা করেন**
যীশুর দ্বারা আপনার পাপসকল ক্ষমা হয়। হাল্লেলুইয়া! নিম্নলিখিত বাইবেল পদগুলি পড়ুন আর **পরিত্রাণ, ক্ষমা, পাপ,** ইত্যাদি শব্দগুলির তলায় দাগ দিন:

**মথি ১:২১** (“যীশু” নামের অর্থ হল “পরিত্রাণ”)
“তিনি পুত্র প্রসব করিবেন আর তুমি তাহার নাম যীশু রাখিবে, কেননা তিনি আপন প্রজাগণকে তাহাদের পাপ হইতে ত্রাণ করিবেন।”

**মথি ২৬:২৮**
“ইহা আমার নতুন নিয়মের রক্ত, যাহা অনেকের পাপ মোচনের নিমিত্ত পাতিত হয়।”


**প্রেরিত ১০:৪৩**
“সকল ভাববাদীরা তাঁহার পক্ষে এই সাক্ষ্য দেন, যে কেহ তাহাতে বিশ্বাস করে, সে তাহার নামের গুনে পাপমোচন প্রাপ্ত হয়।”

**প্রেরিত ১৩:৩৮**
“অতএব হে ভ্রাতৃগণ তোমরা জানিও, এই ব্যক্তি দ্বারা পাপের মোচন তোমাদিগকে জ্ঞাত করা যাইতেছে।”

**অনুশীলনী ৬: ঈশ্বর পাপকে ঘৃণা করেন কিন্তু পাপীকে ভালোবাসেন**
এক পাপী ব্যক্তি যখন মন পরিবর্তন করে তখন কি হয়? লূক ১৫:১০ দেখুন

______________________________________________

## ঈশ্বর এক আশ্চর্য্য ত্রাণকর্ত্তা



**অনুশীলনী ৭ :  আপনার পরিত্রাণের জন্য যীশু সকল কার্য্য সম্পন্ন করেছেন**

১ পিতর ২:২৪ পড়ুন এবং শূন্যস্থান পূরণ করুন :

তিনি (যীশু) আমাদের ______________ তুলিয়া লইয়া, নিজ দেহে __________ উপর বহন করিলেন।

যেন আমরা পাপের পক্ষে ______________ এবং ধাম্মিকতার পক্ষে ______________ হই।

যোহন ১:২৯ বলছে : পরদিন যোহন যীশুকে আপনার নিকটে আসিতে দেখিলেন, আর কহিলেন, "ঐ দেখ, ঈশ্বরের মেষশাবক, যিনি জগতের পাপভার লইয়া যান!"

যীশুকে কেন "ঈশ্বরের মেষশাবক" বলা হয়? ________________________

________________________________________________________

যোহন ৩:১৬ পড়ুন এবং নিম্নে লিখুন, পদটি মুখস্থ করুন!

________________________________________________________

________________________________________________________

________________________________________________________

________________________________________________________


________________________________________________________



## কার্য্যের সময়

**যীশু আপনার জন্যই মৃত্যু বরণ করেছেন - তিনি আপনার জীবন বদলে দিতে সমর্থ!**

*কলসীয় ১:১৪*




যীশু যা কিছু করেছেন সে সবই তিনি আপনারই জন্য করেছেন। ঈশ্বর চান যে আপনি পরিত্রাণ পান। যেন আপনি তাঁর সান্নিধ্যে থাকতে পারেন। আপনার এই পরিত্রাণের জন্য যা কিছু করা প্রয়োজন তার শতকরা একশ ভাগই যীশু খ্রীষ্ট সম্পন্ন করেছেন। শুনুন, ঈশ্বর আপনাকে একটি অতি সুন্দর উপহার দিতে চান। আপনি ঈশ্বরের সন্তান বলে পরিগণিত হতে পারেন। যদি আপনি ইতিপূর্বে পরিত্রাণের জন্য প্রার্থনা করে থাকেন, কিন্তু সত্যিই পরিত্রাণ পেয়েছেন বলে নিশ্চিত না হন,

তবে তিনি আপনার হৃদয়ের অন্তঃস্থলে গেঁথে দিতে চান যে, আপনি ঈশ্বরেরই সন্তান। এই সঙ্গে তিনি আপনাকে আরোগ্য দান করতে
*লূক ১৫:২০* চান। আপনার সারা জীবৎকাল ঈশ্বর আপনার জন্য প্রতীক্ষা করে আছেন! আপনি তাঁর কাছে এলে তিনি আপনাকে হাজার রকম প্রশ্ন করবেন না। তিনি শুধু জানতে চান যে, "আপনি কি এই ঐশ্বরীক দান গ্রহণ করতে চান?" তিনি আপনাকে এক অপূর্ব সুন্দর জীবন দিতে চান - এখনই!

## এইভাবে করুন!

### • ঈশ্বরের সঙ্গে কথা বলুন - তিনি আপনার রব শোনেন

*মথি ৭:৭,৮* ঈশ্বর তাঁর বাক্যে প্রতিজ্ঞা করেছেন যে, আপনি যখন তাঁর সাথে কথা বলবেন তিনি শুনবেন, অর্থাৎ বাইবেলের ভাষায় প্রার্থনা করুন।

আপনি যখন প্রার্থনা করেন তিনি তা শ্রবণ করেন। এবং তিনি যা প্রতিজ্ঞা করেন, তিনি তাই করেন।

### • ঈশ্বর কি বলছেন শুনুন

*প্রেরিত ১৬:৩১* **"প্রভু যীশুতে বিশ্বাস কর। তাহলে তোমরা পরিত্রাণ পাইবে।"**

*যোহন ৬:৩৭* **"পিতা যে সমস্ত আমাকে দেন, সে সমস্ত আমারই কাছে আসিবে, এবং যে আমার কাছে আসিবে তাহাকে আমি কোন মতে বাহিরে ফেলিয়া দেব না।"**

*প্রকাশিত ৩:২০* **"দেখ, আমি দ্বারে দাঁড়াইয়া আঘাত করিতেছি। কেহ যদি আমার রব শুনে ও দ্বার খুলিয়া দেয় তবে আমি ভেতরে প্রবেশ করিব, এবং তাহার সহিত ভোজন করিব আর সে ও আমার সহিত ভোজন করিবে।"**

# যীশু এক আশ্চর্য্য ত্রাণকর্তা

ঈশ্বরের নিকট প্রার্থনা করুন

## পুরাতন জীবন থেকে মুক্তি

“পিতা আমি তোমার নিকটে এসেছি। তোমায় ধন্যবাদ দিই যে তুমি আমাকে অন্ধকারের জগৎ থেকে আলোর জগতে নিয়ে আসার প্রতিজ্ঞা করেছ। আমি জানি, আমি একজন পাপী। আমি দুঃখিত। আমার পাপ ক্ষমা কর। আমি সমস্ত অন্ধকার ও পাপ থেকে ফিরে আসছি। আমি পুরাতন জীবন পরিত্যাগ করে নতুন জীবনে পদার্পণ করছি!”

হ্যাঁ, ঈশ্বর উত্তর দিয়ে থাকেন!!!

## ঈশ্বর উত্তর দেন

যীশু “ব্যক্তিগত ভাবে আমাদের পাপভার তুলিয়া লইয়া আপনি নিজ দেহে কাষ্ঠের উপরে বহন করিলেন, যেন আমরা পাপের পক্ষে মরিয়া ধার্ম্মিকতার পক্ষে জীবিত হই।” *১ পিতর ২:২৪*

“তিনি আমাদের সমস্ত অপরাধ ক্ষমা করিয়াছেন; আমাদের প্রতিকূল যে বিধিবদ্ধ হস্তলেখা আমাদের বিরুদ্ধে ছিল, তাহা মুছিয়া ফেলিয়াছেন এবং পেরেক দিয়া ক্রুশে লটকাইয়া দূর করিয়াছেন।” *কলসীয় ২:১৩,১৪*

উচ্চকণ্ঠে বলুন

## প্রভু যীশুকে আপনার একমাত্র প্রভু বলে স্বীকার করুন

“আজকের এই দিনে আমি স্বীকার করছি যে নাসরতীয় যীশু খ্রীষ্টই আমার একমাত্র প্রভু। আমি অন্যান্য সমস্ত দেব-দেবীকে পরিত্যাগ করেছি এবং আমার সমস্ত অন্তঃকরণ দিয়ে বাকী জীবনে আমি যীশুর সেবা করতে চাই!”

____________________ স্বাক্ষর

__________ তারিখ

হ্যাঁ, ঈশ্বরই অনুমোদন করেন!!!

## ঈশ্বরের প্রতিজ্ঞা

“যদি তুমি মুখে ‘যীশুকে প্রভু’ বলিয়া স্বীকার কর, এবং হৃদয়ে বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য থেকে উত্থাপন করিয়াছেন তবে পরিত্রাণ পাইবে॥”

*রোমীয় ১০:৯,১০*

“আকাশের নীচে, মনুষ্যদের মাঝে দণ্ড এমন আর কোন নাম নাই, যে নামে আমাদিগকে পরিত্রাণ পাইতে হইবে।”

*প্রেরিত ৪:১২*

আপনি পেয়েছেন

## ঈশ্বর যা কিছু দিয়েছেন তাঁর জন্য তাঁকে ধন্যবাদ দিতে শুরু করুন

• **আপনি পরিত্রাণ পেয়েছেন**

**বলুন:** “প্রভু তোমায় ধন্যবাদ দিই যে, তুমি আমাকে পুরাতন পাপময় জীবন থেকে উদ্ধার করেছ। হাল্লেলুইয়া!”

• **আপনি আরোগ্য লাভ করেছেন।**

যে মূহুর্তে আপনি পরিত্রাণ পেয়েছেন সেই মুহুর্তেই যীশু আপনার রোগ পীড়াকেও তুলে নিয়েছেন। “তাঁহার ক্ষতসকল দ্বারা আপনি আরোগ্য লাভ করেছেন।” *১ পিতর ২:২৪*

আপনার শারীরিক সুস্থতা লাভের জন্য তাকে ধন্যবাদ দিতে আরম্ভ করুন।

**বলুন:** “প্রভু যীশু, তোমায় ধন্যবাদ। তুমি ক্রুশ কাঠে আমার ব্যধিসকল তুলে নিয়েছ। আমি সকল প্রকার ব্যধি থেকে আরোগ্য লাভ করেছি!” হাল্লেলুইয়া! *মথি ৮:১৭*

• **আপনি মুক্ত হয়েছেন**

“পুত্র যদি তোমাদিগকে স্বাধীন করেন, তবে তোমরা প্রকৃতপক্ষে স্বাধীন হইবে।” *যোহন ৮:৩৬*

**বলুন:** “প্রভু তোমায় ধন্যবাদ দিই যে, আমি সকল প্রকারের বন্ধন থেকে সম্পূর্ণভাবে মুক্তিলাভ করেছি। আমি প্রকৃতই স্বাধীন হয়েছি!!!”

## প্রশংসার সময়

এখন ঈশ্বরের প্রশংসা করুন। তাঁর দানের জন্য তাঁকে ধন্যবাদ দিন।

**আমার জন্য তুমি যা কিছু করেছ তার জন্য তোমার স্তুতি করি ও ধন্যবাদ দিই। তুমি অতি উত্তম ঈশ্বর। তোমায় ধন্যবাদ জানাই, এখন আমি নিশ্চিত যে, আমি পরিত্রাণ পেয়েছি। যদি আজ রাতে আমি মারা যাই তাহলে জানি আমি স্বর্গে তোমার সঙ্গে মিলিত হব। হাল্লেলুইয়া!**

(ঈশ্বর আপনাকে ভালোবাসা ও ধন্যবাদ সংক্রান্ত অন্যান্য শব্দ খুঁজে বের করতে সাহায্য করবেন। মনে রাখবেন যে কোন সময়ই প্রশংসার সময়।)

## মনে রাখার সময়

### মুখস্থ করুন এবং ঈশ্বরের বাক্য বলুন

এই সপ্তাহের জন্য বাইবেলের পদ দেওয়া হল। জোরে জোরে বেশ কয়েকবার পড়ুন। এই পাঠ থেকে অন্য দুটি পদ বেছে নিন ও মুখস্থ করুন।

"যদি কেহ (*আপনার নাম লিখুন* ..........................................................................)

**খ্রীষ্টেতে থাকে, তাহলে সে নতুন সৃষ্টি, পুরাতন বিষয়গুলি অতীত হইয়াছে। দেখ সেগুলি নূতন হইয়া উঠিয়াছে।** *(২ করিন্থীয় ৫:১৭)*

## বাইবেল পাঠের চাবিকাঠি সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি :

আমাদের পরবর্তী পাঠে জীবন পরিবর্তন সংক্রান্ত এই বিষয় সংগৃহীত করা হয়েছে।

- কেমন করে আপনার জীবনে ঈশ্বরের শক্তির অভিজ্ঞতা লাভ করতে পারেন।
- অপরকে ভালবাসতে পারার শক্তি।
- সুস্থ ও মুক্ত করতে ঈশ্বরের শক্তি।

### বাইবেল পাঠের চাবিকাঠি হল:

- এমন এক পাঠক্রম যাতে ঈশ্বরের বাক্য থেকে প্রাথমিক শিক্ষা দেওয়া হয়েছে।
- এটি ব্যক্তিগত ব্যবহারের জন্য, আবার দলগত অধ্যয়নের জন্যও ব্যবহার করা চলে।

এই পাঠক্রমের মূল ভিত্তি হলো বাইবেল, যা ঈশ্বরের শাশ্বত বাক্য। এই মহাশক্তিশালী বইটিতে আছে এই মর্ত্য জীবনে এবং মৃত্যু পরবর্তী জীবনেও প্রত্যেকের জন্য ধার্মিকতা ও আনন্দ খুঁজে পাওয়ার চাবিকাঠি।

আরো কিছু জানতে হলে এই ঠিকানায় যোগাযোগ করুন:

Copyright © 2000 Victura & InterMedia Services Ltd. All rights reserved. Printed in India 2002